



Gangmasters &
Labour Abuse Authority

Bengali



কর্মীদের অধিকার

বিপন্ন ও শোষিত কর্মীদের
সুরক্ষা দেওয়া

আপনার চাকরির অধিকারসমূহ

একজন কর্মী হিসাবে আপনার অধিকারগুলি UK আইনের দ্বারা সুরক্ষিত আছে। আপনি একটি চাকরি পাওয়ার সাথে সাথে কিছু অধিকার প্রযুক্ত হয়, অন্যগুলি আপনি কত দীর্ঘ সময় কাজ করেন তার উপর নির্ভর করে। আপনার নিয়োগকারীর কাছ থেকে আপনার কী আশা করা উচিত এই বিভাগটি তা নির্দিষ্ট করে। এগুলি হল আপনার আইনি অধিকার।

জাতীয় ন্যূনতম পারিশ্রমিক (National Minimum Wage)

আপনি যদি একটি স্থায়ী চাকরিতে, একটি স্বল্পকালীন চুক্তিতে থাকেন বা একটি এজেন্সির হয়ে কাজ করেন, তাহলে আপনার সবচেয়ে কম যা পাওয়া উচিত তা হল যথাযথ ন্যূনতম পারিশ্রমিক। এটি আপনার বয়সের উপর নির্ভর করে জাতীয় ন্যূনতম পারিশ্রমিক (National Minimum Wage (NMW)) বা জাতীয় জীবনধারণের যোগ্য পারিশ্রমিক (National Living Wage (NLW)) হতে পারে।

আপনি যদি 'পিস ওয়ার্ক' বেতনে কাজ করেন (যেমন আপনি সম্পূর্ণ করা, প্যাক করা, বাছা, ইত্যাদি জিনিসের সংখ্যার জন্য) তাহলে তাসত্ত্বেও আপনার কমপক্ষে প্রাসঙ্গিক ন্যূনতম পারিশ্রমিকের সমতুল্য আয় করা উচিত। এর কতগুলি ব্যতিক্রম আছে, স্ব-নিযুক্ত এবং স্বেচ্ছামূলক কর্মী সহ।

ন্যূনতম পারিশ্রমিক ও জীবনধারণের যোগ্য পারিশ্রমিক (Living Wage) সম্পর্কে আরো তথ্যের জন্য **GOV.UK**-এ যান এবং **'NMW'** সন্ধান করুন।

কাজের ঘন্টা

আপনার যে কোনো ওভারটাইম সহ সপ্তাহে 48 ঘন্টার বেশি কাজ করতে বাধ্য হওয়া উচিত নয়, যদি না আপনি নিজেই তা করতে পছন্দ করেন।

আপনি প্রতি সপ্তাহে অন্তত একদিন, বা প্রতি দুই সপ্তাহে দুই দিন ছুটি পাওয়ার অধিকারী। আপনি যদি এক দিনে ছয় ঘন্টার বেশি কাজ করেন, তাহলে আপনার অন্তত 20 মিনিট কর্ম বিরতি পাওয়া উচিত।

বার্ষিক ছুটি

আইন অনুসারে আপনার কাজের প্রথম দিন থেকে শুরু করে, আপনি বছরে ন্যূনতম সংখ্যক সপ্তাহে সবেতন ছুটি পাওয়ার অধিকারী। আংশিক সময় ও স্থির মেয়াদে চুক্তিভুক্ত কর্মীরাও এর অন্তর্ভুক্ত। সাম্প্রতিকতম তথ্যের জন্য **'pay and work rights'** (বেতন ও কাজের অধিকার) দেখুন **GOV.UK**-এ।

আপনার ছুটির অধিকার সংক্রান্ত বিবরণ আপনার চাকরির চুক্তিতে থাকা উচিত। এটি আপনার স্বাভাবিক কাজের ঘন্টা ভিত্তিক (আংশিক-সময়ের কর্মীদের জন্য সমানুপাতিক), আপনি আপনার নিয়োগকারীর জন্য কাজ করার সময়ে জমা হয় এবং আপনার কাজের স্বাভাবিক হারে প্রদত্ত হওয়া উচিত। আপনি কখন ছুটি নেন সেই সিদ্ধান্ত নেওয়ার অধিকার আপনার নিয়োগকারীর আছে তবে অনুমতি পেতে আপনার সমস্যা হলে আপনার GLAA-এ ফোন করা উচিত।

আপনি যখন চাকরি ছেড়ে দেন, তখন আপনার যে জমে থাকা ছুটিগুলি আপনি এখনও নেন নি সেগুলির জন্য আপনাকে অর্থপ্রদান করা উচিত। আপনার নিয়োগকারী যদি আপনাকে কোন ছুটি নেওয়ার অনুমতি না দেন অথবা আপনার ছুটির অর্থ পাওনা থাকে, তাহলে আপনি অর্থ ফেরৎ পাওয়ার দাবি সংক্রান্ত নির্দেশনার জন্য Acas Helpline (অ্যাকাস হেল্পলাইন) বা Citizens Advice (সিটিজেন্স অ্যাডভাইস)-এর সাথে যোগাযোগ করতে পারেন। অতিরিক্ত যোগাযোগের নম্বরগুলি খুঁজতে সাহায্যের জন্য www.gla.gov.uk/contacts দেখুন।

একটি বিষয়ভিত্তিক বেতনের স্লিপ

আপনার বেতন পাওয়ার দিনে একটি বেতনের স্লিপ পাওয়া উচিত, যেটি আপনার সর্বমোট বেতন এবং আপনার বাড়িতে নিয়ে যাওয়া বেতনটি দেখায়। এটি একটি প্রিন্ট করা বা ইলেকট্রনিক নথি হতে পারে এবং এতে আপনার বেতন থেকে কেটে নেওয়া যে কোনো রাশি ও তার কারণও তালিকাভুক্ত থাকা উচিত।

কর ও জাতীয় বিমা (National Insurance)-এর মতো কেটে নেওয়া রাশিগুলি সাপ্তাহিক ভিত্তিতে পরিবর্তিত হতে পারে এবং প্রতিটি বেতনের স্লিপ-এ তালিকাভুক্ত থাকা উচিত। আপনার স্বীকৃত বেতন যথাযথময়ে পাওয়া উচিত এবং আপনার প্রাপ্য যে কোনো ছুটি বা অসুস্থতার অর্থপ্রদান এর অন্তর্ভুক্ত হওয়া উচিত।

পারিশ্রমিক কেটে নেওয়া

আপনার নিয়োগকারী শুধুমাত্র কতগুলি রাশি আপনার পারিশ্রমিক থেকে কেটে নিতে পারেন এবং সেগুলি অবশ্যই আপনার বেতনের স্লিপে তালিকাভুক্ত হতে হবে। রাশি কেটে নেওয়ার পরে স্লিপে দেখানো 'মোট পরিমাণ' আপনার সর্বদা পাওয়া উচিত।

কিছু রাশি কেটে নেওয়া সংবিধিবদ্ধ, যেমন কর এবং জাতীয় বিমার অবদানগুলি, এবং আপনি অন্য যেগুলির বিষয়ে আপনার চাকরির চুক্তিতে সম্মত হয়েছেন, যেমন বাসস্থান বা পরিবহনের খরচ। অনুগ্রহ করে খেয়াল করুন যে চুক্তিতে উল্লিখিত কিছু রাশি কেটে নেওয়া আইনসম্মত নাও হতে পারে। আপনি যদি নিশ্চিত না হন, তাহলে GLAA-এর সাথে যাচাই করে নিন।

এমনকি আপনি যদি কোনো রাশি কেটে নেওয়ার ব্যাপারে সম্মত হন তাসত্ত্বেও এটি যেন আপনার বেতনকে কখনই প্রাসঙ্গিক ন্যূনতম পারিশ্রমিকের নিচে নামিয়ে না দেয়, বাসস্থানের জন্য একটি সীমিত রাশি এর ব্যতিক্রম। আরো তথ্যের জন্য **'pay and work rights'** (বেতন ও কাজের অধিকার) দেখুন **GOV.UK**-এ।

স্বাস্থ্য ও নিরাপত্তা

কর্মস্থলে আপনার স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য আপনার নিয়োগকারীর একটি আইনি দায়িত্ব আছে। আপনার স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত তথ্য, প্রশিক্ষণ, সুরক্ষামূলক পোশাক এবং যে কোনো আবশ্যিক বদল বিনামূল্যে পাওয়া উচিত, যেখানে যথাযথ।

অসুস্থতাকালীন বেতন

আপনি অসুস্থতাকালীন অনুপস্থিত থাকলে আপনার বেতন কত হবে তা আপনার চাকরির চুক্তিটিতে উল্লিখিত থাকা উচিত। আপনি UK -তে যে ন্যূনতম রাশি পাওয়ার অধিকারী তা হল সংবিধিবদ্ধ অসুস্থতাকালীন বেতন (Statutory Sick Pay (SSP))। আপনি যখন একটানা চার বা আরো বেশি দিন কাজে অনুপস্থিত থাকেন তখন এটি প্রযোজ্য হয়। আপনার চুক্তিটি অনুসারে আপনি অন্যান্য পরিস্থিতিগুলিতে অতিরিক্ত বেতন বা সুবিধা পেতে পারেন।

আপনার নিয়ম ও শর্তাবলী

এটি আপনার ও আপনার নিয়োগকারীর মধ্যে সম্পন্ন একটি চুক্তি। আইনতঃ, আপনি যদি এক মাসের বেশি সময়ের জন্য কর্মনিযুক্ত হন তাহলে আপনার নিয়ম ও শর্তাবলীর লিখিত বিবরণ আপনাকে অবশ্যই প্রদান করতে হবে।

কাজ শুরু করার দুই মাসের মধ্যে আপনার লিখিত নিয়ম ও শর্তাবলী পাওয়া উচিত, এবং সেগুলিতে অবশ্যই নিম্নলিখিত তথ্য অন্তর্ভুক্ত থাকা উচিত:

- আপনার নাম
- আপনি কার জন্য কাজ করবেন
- আপনি কী ধরনের কাজ করবেন
- আপনার কাজ শুরু করার তারিখ
- আপনার কাজের জায়গা
- আপনার বেতনের হার এবং আপনাকে কত ঘন ঘন অর্থপ্রদান করা হবে (সাপ্তাহিক বা মাসিক)
- কাজের ঘন্টা
- ছুটি পাওয়ার অধিকার
- অসুস্থকালীন বেতন পাওয়ার অধিকার
- শাস্তি প্রদান, বরখাস্ত করা এবং অভিযোগের কার্যপ্রণালীসমূহ
- ইস্তফা দেওয়ার ক্ষেত্রে আপনাকে যে বিজ্ঞপ্তিটি দিতে হবে, বা বরখাস্ত হওয়ার পরে আপনার যে বিজ্ঞপ্তিটি পাওয়া উচিত

আপনার নিয়োগকারী শুধুমাত্র আপনার অনুমতিতেই আপনার চুক্তির নিয়ম ও শর্তাবলী পরিবর্তন করতে পারেন।

আমাদের সঙ্গে যোগাযোগ করুন



Gangmasters & Labour Abuse Authority

PO Box 10272, Nottingham, NG2 9PB

www.gla.gov.uk

ইমেল: intelligence@glaa.gsi.gov.uk

 +44 (0)345 602 5020

বিনামূল্য গোপনীয় রিপোর্টিং লাইন:

 0800 432 0804

আরো সাহায্যের জন্য www.gla.gov.uk/contacts-এ যান



Gangmasters &
Labour Abuse Authority



UNIVERSITY
of DERBY

লিফলেটগুলির জন্য অর্থসহায়তা করেছে

GLAA Academy

যেটি

University of Derby-এর
একটি সহযোগী।



GLAA সম্পর্কে

Gangmasters & Labour Abuse Authority (GLAA) হল একটি সংগঠন যেটি শোষণের হাত থেকে কর্মীদের সুরক্ষা দিতে প্রতিষ্ঠা করা হয়েছিল।

আমরা বিশেষজ্ঞ অনুসন্ধানকারীদের নিয়োগ করি যারা পারিশ্রমিকের কম অর্থ দেওয়া থেকে শুরু করে বলপ্রযুক্ত শ্রম সংক্রান্ত অপরাধ, সংশ্লিষ্ট মানব পাচার এবং আধুনিক দাসত্বের অন্যান্য দিকগুলি পর্যন্ত কর্মীদের বিভিন্ন সমস্যার ওপরে নজর দিতে সমর্থ হন।

'গ্যাংমাস্টার' অর্থাৎ UK-এর কৃষিজাত দ্রব্য উৎপাদন ক্ষেত্রে ভূমিকা পালনের জন্য কর্মী সরবরাহকারী সংস্থা এবং ব্যক্তিদের জন্য GLAA একটি শক্তিশালী লাইসেন্সদান যোজনা পরিচালনা করে চলেছে। এর অন্তর্ভুক্ত হল কৃষি, উদ্যানপালন, খোলকযুক্ত মাছ সংগ্রহ এবং সকল সংশ্লিষ্ট প্রক্রিয়াকরণ ও প্যাকেজিং।

সকল লাইসেন্সধারী গ্যাংমাস্টারকে অবশ্যই এক সারি কঠোর লাইসেন্সের মানদণ্ড মেনে চলতে হবে। লাইসেন্স ছাড়া উপরের তালিকায় দেওয়া শিল্পগুলিতে অস্থায়ী কর্মী সরবরাহ করা একটি ফৌজদারি অপরাধ যার জন্য সর্বাধিক 10 বছর কারাদণ্ড হয়। একটি লাইসেন্সহীন শ্রমিক প্রদানকারীর সাথে বন্দোবস্তে প্রবেশ করাও একটি ফৌজদারি অপরাধ। এটির জন্য সর্বাধিক ছয় মাস কারাদণ্ড হয়।

কর্মীদের উপর শোষণ থামাতে সাহায্য করুন

আপনার অধিকারগুলি সুরক্ষিত করতে এবং আপনি আইন অনুসারে যে পরিস্থিতিতে কাজ করার অধিকারী আপনি যে তার অধীনেই কাজ করছেন তা সুনিশ্চিত করার জন্য আমাদের আপনার সাহায্য প্রয়োজন। আপনার যদি মনে হয় যে আপনার সাথে যথাযথ, ন্যায্য বা আইনসঙ্গত আচরণ করা হয় নি তাহলে অনুগ্রহ করে আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

আপনার তথ্য ছাড়া আমরা সাহায্য করতে পারি না

আপনি যা করতে পারেন:

- ফোন করুন **0345 602 5020** নম্বরে (বিকল্প 2) আমাদের সাথে সরাসরি কথা বলার জন্য - সোমবার থেকে শুক্রবার, সকাল 9 টা - বিকাল 5 টা (দোভাষী পাওয়া যায়)
- ইমেল **intelligence@glaa.gsi.gov.uk**
- আমাদের গোপনীয় রিপোর্ট জানানোর লাইনে বিনামূল্যে ফোন করুন **0800 432 0804** নম্বরে
- আমাদের ওয়েবসাইট **www.gla.gov.uk**-এর মাধ্যমে তথ্য জমা দিন
- আমাদের চিঠি লিখুন এই ঠিকানায়, GLAA, PO Box 10272, Nottingham, NG2 9PB

আপনি যদি একজন অভিজ্ঞ উপদেষ্টার সাথে আপনার চাকরির অধিকারগুলি আলোচনা করতে চান, তাহলে আপনার স্থানীয় Citizens Advice Bureau (সিটিজেন্স অ্যাডভাইস ব্যুরো)-এর সাথে যোগাযোগ করুন বা **0300 123 1100** নম্বরে ACAS Helpline-এ ফোন করুন।

GLAA Licensing Standards (GLAA লাইসেন্সের মানদণ্ড)

আপনার নিয়োগকারী UK-এর আইন অনুসারে কর্মীদের দুর্ব্যবহার ও শোষণ থেকে সুরক্ষা দিতে বাধ্য।

একই আইন আপনাকে নির্দিষ্ট কিছু অধিকার দেয় এবং এগুলি নিম্নলিখিত ধরনের বিষয়ের সাথে সম্পর্কিত:

আপনার পারিশ্রমিক - আপনার জাতীয় ন্যূনতম পারিশ্রমিক (National Minimum Wage) পাওয়া উচিত

- আপনি ছুটিকালীন কত বেতন পান
- আপনার চুক্তির নিয়ম ও শর্তাবলী
- কাজের বিরতির দৈর্ঘ্য ও পুনরাবৃত্তি
- কর্মস্থলে আপনার সাথে কেমন আচরণ করা হয়
- আপনার স্বাস্থ্য, কল্যাণ ও নিরাপত্তা সুরক্ষিত করে এমনভাবে কার্যপরিচালনা করা যা আপনাকে নিরাপদ রাখে এবং/বা যখন প্রয়োজন তখন নিরাপত্তা সরঞ্জামগুলি প্রদান করে
- বাসস্থান ও পরিবহনের মানদণ্ড, যদি আপনার নিয়োগকারী তা প্রদান করেন

GLAA Licensing Standards (GLAA লাইসেন্সের মানদণ্ড) - ক্রমশ

একই অধিকারগুলি GLAA লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য মানদণ্ডগুলির মাধ্যমেও সুরক্ষিত করা হয়।

আপনাকে যদি কৃষি, উদ্যানপালন, খোলকযুক্ত মাছ সংগ্রহ এবং সকল সংশ্লিষ্ট প্রক্রিয়াকরণ ও প্যাকেজিং-এর কাজে পাঠানো হয় তাহলে আপনার নিয়োগকারীর একটি চলতি লাইসেন্স থাকা উচিত।

আপনার যদি এমন উদ্বেগ থাকে যে, কেউ একটি লাইসেন্স ছাড়া কার্য পরিচালনা করছে, বা তাদের আইনি আবশ্যিকতাগুলি পূরণ করছে না, তাহলে অনুগ্রহ করে GLAA-এর সাথে যোগাযোগ করুন।